দৈনিক খবর

তারিখ ..0.2 NOV 1993
পৃষ্ঠা ৬ কলাম ২

# ভুয়া সার্টিফিকেটে শিক্ষকতা

গফরগাঁও (ময়মনসিংহ), ১লা নভেম্বর (মোঃ আজিমউদ্দীন মাষ্টার)।– গফরগাঁও থানার টাঙাবর ইউনিয়নের বামনখালি সিনিয়র মাদ্রাসায় এসএসসি পাস জনৈক ব্যক্তি এইচএসসি পাশের ভুয়া সনদপত্র দাখিল করে দীর্ঘদিন যাবৎ শিক্ষকতা করার এক চাঞ্চল্যকর খবর পাওয়াগেছে।

জানা গেছে, উক্ত মাদ্রাসায় জুনিয়ার শিক্ষকপদে আঃ মোমিন এইচএসসি পাসের ভুয়া সনদপত্র দাখিল করে দীর্ঘ এক যুগেরও অধিককাল যাবৎ শিক্ষকতা করে আসছেন। প্রকৃতপক্ষে শিক্ষাগত যোগাতা এসএসসি। জেলা শিক্ষা অফিস সূত্রে প্রকাশ, উক্ত শিক্ষক জুনিয়র শিক্ষকদের অনুরূপ বেতন-ভাতা নিয়মিতই পাচ্ছেন। অপর এক সূত্রে জানা গেছে, উক্ত আঃ মোমিন ১৯৮২-৮৩ইং সনে গফরগাঁও কলেজে নিয়মিত ছাত্র হিসেবে অধ্যয়নরত ছিলেন অথচ তারও বহু পূর্বেই তিনি এইচএসসি পাসের ভুয়া সনদপত্র দাখিল করেছেন. উল্লেখ্য, ১৯৯৩ সনে মাদ্রাসার জরিপ কার্য পরিচালনার সময় তিনি এইচএসসি পাসের সার্টিফিকেট প্রদর্শন করতে ব্যর্থ হন। বিষয়টি জনমনে নানা কৌতূহলের সৃষ্টিকরেছে।